

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর  
publiclibrary.sherpur.gov.bd

সদস্য ফরম

বরাবর,  
লাইব্রেরিয়ান  
জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর

অফিস কর্তৃক পূরণীয়
সদস্য নং : তারিখ :
স্বাক্ষর

মহোদয়,

আমি গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর হতে ধারে বই নেয়া/ ইন্টারনেট ব্যবহার করার জন্য সদস্য হতে আগ্রহী। নিম্নে আমার পরিচিতি উল্লেখ করলামঃ

- নাম :
- পিতার নাম :
- মাতার নাম :
- জাতীয় পরিচয় পত্রের নম্বর / জন্ম নিবন্ধন সনদের নম্বর :
- বর্তমান ঠিকানা :  
ফোন নম্বর (যদি থাকে) : মোবাইল নম্বর :
- স্থায়ী ঠিকানা :  
ফোন নম্বর (যদি থাকে) : মোবাইল নম্বর :
- বয়স :
- যে ক্যাটাগরীর সদস্যপদের জন্য আবেদন করা হচ্ছে : (শিশু সদস্য/ ছাত্র-ছাত্রী সদস্য/ সাধারণ সদস্য)
- পেশা ও কর্মস্থলের ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে) :
- শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :  
(ক) শ্রেণী : (খ) শাখা : (গ) রোল নম্বর :

আমি ঘোষণা করছি যে, উল্লেখিত বিবরণ সঠিক এবং আমি বই ধার দেয়া সংক্রান্ত নীতিমালা মেনে চলতে বাধ্য থাকবো।

অভিভাবকের স্বাক্ষর (প্রযোজ্য ক্ষেত্রে)

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনকারী এই শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত/প্রতিষ্ঠানে কর্মরত ও বর্ণিত তথ্যসমূহ সত্য। আমি তার সদস্যপদ প্রদানের জন্য সুপারিশ করছি। এই সদস্য কর্তৃক জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর হতে ধারে গৃহিত বই/গ্রন্থাগার সামগ্রী যথাযথভাবে ও যথাসময়ে ফেরৎ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার  
স্বাক্ষর ও সীল

## গ্রন্থাগারের সদস্য হওয়ার নিয়মাবলী ও বই ধার দেয়া সংক্রান্ত নীতিমালা

জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর পাঠক সাধারণের সুবিধার্থে নির্ধারিত সময়ের জন্য বই ধার দিয়ে থাকে। এজন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কেবলমাত্র নিবন্ধিত পাঠকগণ (গ্রন্থাগারের সদস্য) গ্রন্থাগার থেকে বই ধার নিতে পারবেনঃ

- বই ধার নেয়ার জন্য আগ্রহী পাঠককে সদস্য হওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সরকারি গণগ্রন্থাগার থেকে নীতিমালাসহ আবেদনপত্র সংগ্রহ অথবা ওয়েবসাইট থেকে ([publiclibrary.sherpur.gov.bd](http://publiclibrary.sherpur.gov.bd)) ডাউনলোড করা যাবে।
- সদস্যের ধরণ তিন প্রকারঃ
  - (ক) শিশুসদস্য : অনূর্ধ্ব ১৮ বছরের ছেলে মেয়ে।
  - (খ) ছাত্র/ছাত্রী সদস্য : যাদের বয়স ১৮ বছরের উর্ধ্বে এবং কোন শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত।
  - (গ) সাধারণ সদস্য : ছাত্র/ছাত্রী ব্যতীত ১৮ বছরের বেশি বয়সের সর্বসাধারণ।
- সদস্য ফরমের সাথে গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্রের (NID) অনুলিপি / জন্মনিবন্ধন সনদের অনুলিপি / শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে গেজেটেড সরকারি কর্মকর্তা/ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান / বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ১ কপি ও স্ট্যাম্প সাইজের ২ কপি ছবি সংযুক্ত করতে হবে।
- সাধারণ সদস্যের ক্ষেত্রে ১০০০/= টাকা, ছাত্র/ছাত্রী সদস্যের ক্ষেত্রে ৫০০/= টাকা এবং শিশু সদস্যের ক্ষেত্রে ২০০/= টাকা জামানত (মেয়াদকাল সম্তোষজনকভাবে উত্তীর্ণ হওয়ার পরেই তা ফেরতযোগ্য) হিসেবে জমা দিতে হবে।
- নিবন্ধিত সদস্যের সদস্যপদের মেয়াদকাল এক বছর। তবে আগ্রহী সদস্য মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ৫০.০০ টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে সদস্য কার্ড নবায়ন করতে পারবেন।
- প্রত্যেক সদস্যকে এককালীন (সর্বোচ্চ পনের দিনের জন্য) দুইটি বইয়ের বেশী ধার দেয়া হবেনা। অন্যকোন পাঠকের চাহিদা না থাকলে একই পাঠক একই বই ধারাবাহিকভাবে সর্বোচ্চ দুইবার ধার নিতে পারবে।
- কোন সদস্য ধার নেয়া কোন বই হারিয়ে ফেললে বা নষ্ট করে ফেললে বইয়ের মূল্যের দ্বিগুন টাকা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।
- নির্ধারিত সময়ের মধ্যে বই ফেরত দিতে ব্যর্থ হলে সদস্যের নিকট থেকে প্রথম সপ্তাহে অতিরিক্ত প্রতিদিনের জন্য বইপ্রতি ৫.০০ টাকা এবং দ্বিতীয় সপ্তাহ থেকে প্রতিদিনের জন্য ১০.০০ টাকা হারে জরিমানা আদায় করা হবে। যদি ৩০ দিনের মধ্যে কোন সদস্য বই ফেরত দিতে ব্যর্থ হয় তাহলে তার জামানত বাজেয়াপ্ত করা এবং তার সদস্যপদ বাতিল করা হবে।
- কার্ড হারিয়ে গেলে সাথে সাথে কর্তৃপক্ষকে জানাতে হবে এবং আবেদন সাপেক্ষে ৫০.০০ টাকার বিনিময়ে পুনরায় কার্ড গ্রহণ করা যাবে।
- রেফারেন্স বই, দুস্ত্রাপ্য বই, বিদেশী প্রকাশনা, সাময়িকী ও পত্র-পত্রিকা ধার দেয়া হবেনা।
- কোন সদস্য বই ধার সংক্রান্ত নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে তার সদস্যপদ বাতিল করা সহ তার জামানত বাজেয়াপ্ত করা হবে।
- যদি কোন সদস্যের বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর ইত্যাদি পরিবর্তন হয় তবে অবশ্যই কর্তৃপক্ষকে জানাতে হবে।
- জামানতের টাকা ১ বৎসরের পূর্বে উত্তোলন করা যাবে না।
- এই নীতিমালায় বর্ণিত যে কোন শর্ত কর্তৃপক্ষ প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন করতে পারবেন এবং বই ধার সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।